

## পরিচয়

### রব্রু মুহাম্মদ শহিদুল্লাহ

এতো যে ভাঙন, ধ্বংস, রক্ত -  
মনে আমার বয়স হয় না ।

এতো যে হাওয়ায় ওড়ায় স্মৃতি  
এতো যে যে নদী ভঙছে দুকূল  
মনে আমার বয়স হয় না ।

বাইরে এবং বুকের মধ্যে  
ডহয়ার ভেতরু হিয়ার মধ্যে  
হারানো এক হল্দে পাথি উড়ছে বসছে  
দুলছে, যেন শৈশবে সেই দোলনাখেলা -  
হায়রে, আমার বয়স হয় না !

বন্ধুরা সব বিন্দে বাড়ে, চিন্দে বাড়ে  
বাড়ে শনৈঃ গৃহস্থলি,  
আমার তবু বয়স হয় না, বুদ্ধি হয় না ।

একটি নতুন ভাষার খোঁজে  
একটি ভালবাসার খোঁজে  
যায় কেটে দিন .....

নথে এবং দাঁতে সবাই শান্ত দিয়ে নেয়,  
আমি আমার নিরীহ নখ ছাঁটছি কেবল  
সবুজ মাজন কিনছি আমার দাঁতের জন্যে ।

হায়রে, আমার বয়স হয় না, সংসারী মন পোক হয় না -

অন্ধকাণ্ডে শরীর ঢেকে সাবধানে সব হাঁটছে যখন  
আমি তখন ভেতর-বাহির খোলা রেখেছি,  
আলোর সামনে খুলে রেখেছি ।

আজো আমার বোধ হলো না ।  
ভেতরে নীল ক্রোধ হলো না  
পরান-গলা রোধ হলো না -

পাথর এবং পাথির মাঝের ফারাক বুঝতে সময় লাগে,  
বৃক্ষ এবং লতার মানে আজো আমি সবুজ বুঝি ।